


**বস্ত্র ও পাট মন্ত্রণালয়ের অধীন বস্ত্র অধিদপ্তরের আওতাধীন প্রতিষ্ঠানসমূহের 'সহকারী অধ্যাপক (নন-কারিগরি)' (৬ষ্ঠ গ্রেড) পদে মৌখিক পরীক্ষা গ্রহণ**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
**বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়**
আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা- ১২০৭
ইউনিট-০২
www.bpsc.gov.bd

নথি নম্বর- ৮০.০০.০০০০.০০০.১০২.১১.০০৪২.২৪. ১১৮

তারিখ: ১৬ চৈত্র ১৪৩২ / ৩০ মার্চ ২০২৬

# বিজ্ঞপ্তি

**বিষয়: বস্ত্র ও পাট মন্ত্রণালয়ের অধীন বস্ত্র অধিদপ্তরের আওতাধীন প্রতিষ্ঠানসমূহের 'সহকারী অধ্যাপক (নন-কারিগরি)' (৬ষ্ঠ গ্রেড) পদে মৌখিক পরীক্ষার তারিখ, সময়সূচি ও নির্দেশাবলী।**

বস্ত্র ও পাট মন্ত্রণালয়ের অধীন বস্ত্র অধিদপ্তরের আওতাধীন প্রতিষ্ঠানসমূহের 'সহকারী অধ্যাপক (নন-কারিগরি)' (৬ষ্ঠ গ্রেড) পদে সাময়িকভাবে যোগ্য প্রার্থীদের মৌখিক পরীক্ষা নিম্নোক্ত সময়সূচি অনুযায়ী বাংলাদেশ সরকারী কর্ম কমিশনের প্রধান কার্যালয়, আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকায় অনুষ্ঠিত হবেঃ

| পদের নাম ও গ্রেড | বিজ্ঞপ্তির নম্বর ও তারিখ | মৌখিক পরীক্ষার তারিখ ও সময় | সাময়িকভাবে যোগ্য প্রার্থীদের রেজিস্ট্রেশন নম্বর ও প্রার্থী সংখ্যা |
|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ |
| 'সহকারী অধ্যাপক (নন-কারিগরি) (পদার্থ)' (৬ষ্ঠ গ্রেড) | বিজ্ঞপ্তির নম্বর- ৯৮ তারিখ: ৩১.০৮.২০২৫ | ১৫ এপ্রিল ২০২৬ বুধবার সকাল- ১০:০০ মিনিট | ০০০০১৪, ০০০০৩৫, ০০০০৩৯, ০০০০৭৬, ০০০০৮৫, ০০০০৮৭, ৮০০০০৬ = ০৭টি |
| 'সহকারী অধ্যাপক (নন-কারিগরি)' (রসায়ন) (৬ষ্ঠ গ্রেড) | | | ০০০০১২, ০০০০৩৮, ০০০০৫০, ০০০০৫১, ০০০০৫৬, ০০০০৭৮, ৩০০০৬৭, ৪০০০৬৭, ৪০০০৯২, ৭০০০১৮, ৮০০০২২ = ১১টি |

০২. নিম্নবর্ণিত রেজিস্ট্রেশন নম্বরধারী প্রার্থীদের প্রার্থিতা ০৩ নম্বর কলামে বর্ণিত প্রয়োজনীয় তথ্যবিবরণী জমা প্রদানের শর্তে কমিশন কর্তৃক যোগ্য করা হয়েছে:

| পদের নাম ও গ্রেড | রেজিস্ট্রেশন নম্বর ও প্রার্থী সংখ্যা | মৌখিক পরীক্ষার বোর্ডে যে সকল তথ্যবিবরণী জমা প্রদান সাপেক্ষে যোগ্য |
|---|---|---|
| ১ | ২ | ৩ |
| 'সহকারী অধ্যাপক (নন-কারিগরি) (পদার্থ)' (৬ষ্ঠ গ্রেড) | ০০০০০২ = ০১টি | মৌখিক পরীক্ষার বোর্ডে প্রবেশপত্র ও নাগরিকত্ব সনদ জমা প্রদান সাপেক্ষে যোগ্য। |
| 'সহকারী অধ্যাপক (নন-কারিগরি)' (রসায়ন) (৬ষ্ঠ গ্রেড) | ০০০০৭৩= ০১টি | মৌখিক পরীক্ষার বোর্ডে নাগরিকত্ব সনদ জমা প্রদান সাপেক্ষে যোগ্য। |

০৩. নিম্নবর্ণিত রেজিস্ট্রেশন নম্বরধারী প্রার্থীদের প্রার্থিতা কমিশন কর্তৃক বাতিল করা হয়েছে:

| পদের নাম ও গ্রেড | রেজিস্ট্রেশন নম্বর/ প্রার্থীর নাম | প্রার্থিতা বাতিলের কারণ |
|---|---|---|
| 'সহকারী অধ্যাপক (নন-কারিগরি)' (৬ষ্ঠ গ্রেড) | জনাব মোঃ ইজহারুল ইসলাম =০১টি | অনলাইনে রেজিস্ট্রেশনকারী হিসেবে তালিকাভুক্ত হননি। এডমিট কার্ড নেই। |
| | ০০০০১০, ০০০০১৫, ০০০০১৮, ০০০০২০, ০০০০৫৩, ০০০০৭২, ০০০০৭৫, ০০০০৮২, ০০০০৯০, ০০০০৯৪, ৪০০০৭৯= ১১টি | BPSC Form-5A (Applicant's Copy) জমা প্রদান করেননি। |

ক্রমশ-২

পূর্ব পৃষ্ঠা হতেঃ

০৪. কমিশন কর্তৃক **'সহকারী অধ্যাপক (নন-কারিগরি)'** পদে ৩১ আগস্ট ২০২৫ তারিখে জারিকৃত বিজ্ঞপ্তির পরিপ্রেক্ষিতে যোগ্য প্রার্থীদের নতুন করে ডাউনলোডপূর্বক BPSC Form-5A (Applicant's Copy), প্রবেশপত্র, জাতীয় পরিচয়পত্র, শিক্ষাগত যোগ্যতার সকল মূল সনদ ও সংশ্লিষ্ট বিষয়ে প্রশিক্ষণ সনদ মৌখিক পরীক্ষার সময় সঙ্গে আনতে হবে। চাকরিরত প্রার্থীকে নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক সিল স্বাক্ষরিত এবং পিএসসি কর্তৃক নির্ধারিত ফরমে মূল ছাড়পত্র মৌখিক পরীক্ষার বোর্ডে দাখিল করতে হবে।

০৫. মৌখিক পরীক্ষার জন্য নতুন করে প্রবেশপত্র প্রদান করা হবে না। প্রবেশপত্র হারিয়ে গেলে/নষ্ট হলে কমিশনের ওয়েবসাইট www.bpsc.gov.bd অথবা টেলিটকের ওয়েবসাইট http://bpsc.teletalk.com.bd থেকে প্রবেশপত্র ডাউনলোড করে সংগ্রহ করা যাবে। প্রবেশপত্র ছাড়া কোনো প্রার্থীকে মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ দেওয়া হবে না।

০৬. **মৌখিক পরীক্ষায় অংশগ্রহণকারী প্রার্থীদের নিম্নোক্ত কাগজপত্রের ০১ (এক) সেট সত্যায়িত ফটোকপি সংশ্লিষ্ট মৌখিক পরীক্ষার বোর্ডে অবশ্যই দাখিল করতে হবে:**

ক. সদ্য ডাউনলোডকৃত BPSC Form-5A (Applicant's copy);
খ. সদ্য ডাউনলোডকৃত প্রবেশপত্রের কপি;
গ. সকল শিক্ষাগত যোগ্যতার সনদের সত্যায়িত কপি;
ঘ. অভিজ্ঞতার সনদের সত্যায়িত কপি; [প্রযোজ্য ক্ষেত্রে]
ঙ. বয়স প্রমাণের জন্য শিক্ষা বোর্ড কর্তৃক প্রদত্ত এসএসসি/সমমানের মূল/সাময়িক সনদের সত্যায়িত কপি; "ও" লেভেল এবং "এ" লেভেল ডিগ্রিধারী প্রার্থীদের ক্ষেত্রে জন্ম তারিখ সংবলিত দালিলিক প্রমাণ জমা দিতে হবে। বয়স প্রমাণের জন্য এফিডেভিট গ্রহণযোগ্য হবে না;
চ. বিদেশ থেকে অর্জিত ডিগ্রিধারী প্রার্থীদের ক্ষেত্রে সংশ্লিষ্ট ইকুইভ্যালেন্স কমিটি/শিক্ষা মন্ত্রণালয় কর্তৃক প্রদত্ত ইকুইভ্যালেন্স সনদের সত্যায়িত ফটোকপি (প্রযোজ্য ক্ষেত্রে);
ছ. সরকার অথবা স্থানীয় কর্তৃপক্ষের চাকরি থেকে ইস্তফাদানকারী অথবা অপসারিত ব্যক্তিদের ক্ষেত্রে ইস্তফাপত্র গ্রহণ অথবা অপসারণ আদেশের সত্যায়িত ফটোকপি।
জ. সরকারি/আধাসরকারি, স্বায়ত্তশাসিত সংস্থায় কর্মরত প্রার্থীদের ক্ষেত্রে নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত ছাড়পত্রের সত্যায়িত কপি;
ঝ. ০৩ কপি পাসপোর্ট সাইজের সদ্য তোলা সত্যায়িত রঙিন ছবি;
ঞ. মুক্তিযোদ্ধা, শহিদ মুক্তিযোদ্ধা ও বীরাঙ্গনার সন্তানদের মুক্তিযোদ্ধা সনদ (প্রযোজ্য ক্ষেত্রে);
ট. ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর স্বপক্ষে সংশ্লিষ্ট জেলার জেলা প্রশাসক কর্তৃক প্রদত্ত সনদ (প্রযোজ্য ক্ষেত্রে);
ঠ. শারীরিক প্রতিবন্ধী প্রার্থীদের ক্ষেত্রে সমাজসেবা অধিদপ্তর কর্তৃক প্রদত্ত সনদ/পরিচয়পত্র (প্রযোজ্য ক্ষেত্রে);
ড. তৃতীয় লিঙ্গের প্রার্থীদের ক্ষেত্রে সিভিল সার্জন কর্তৃক প্রদত্ত সনদ/প্রত্যয়নপত্র (প্রযোজ্য ক্ষেত্রে);
ঢ. জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত কপি;
ণ. নাগরিকত্ব সনদের সত্যায়িত কপি;
ত. প্রার্থী কর্তৃক আবেদনপত্রে উল্লিখিত স্থায়ী ঠিকানা পরিবর্তন হলে কিংবা মহিলা প্রার্থীদের ক্ষেত্রে স্বামীর ঠিকানা ব্যবহার করা হলে প্রার্থীকে পরিবর্তিত স্থায়ী ঠিকানার স্বপক্ষে প্রাক্তন এবং বর্তমান সংশ্লিষ্ট সিটি কর্পোরেশনের মেয়র/কাউন্সিলর/পৌর মেয়র/ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান/নোটারি পাবলিক কর্তৃক স্বাক্ষরিত সনদপত্র।

০৭. প্রত্যেক সত্যায়িত ডকুমেন্টের উপর অবশ্যই প্রার্থীর রেজিস্ট্রেশন নম্বর লিখতে হবে। উল্লিখিত সনদ/ডকুমেন্ট দাখিল করতে ব্যর্থ হলে কোনো প্রার্থীকে মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ দেওয়া হবে না।

০৮. মৌখিক পরীক্ষার দিন কমিশন চত্বরে (ক্যান্টিনসহ) মোবাইল ফোন ও কোনো প্রকার যোগাযোগ যন্ত্রসহ প্রবেশ ও ব্যবহার সম্পূর্ণ নিষিদ্ধ এবং কর্ম কমিশনের কোনো কর্মকর্তা/কর্মচারির সাথে আলোচনা বা আলাপচারিতায় মিলিত হওয়া নিষিদ্ধ।

০৯. মৌখিক পরীক্ষার নির্ধারিত সময়ের আধা ঘন্টা (৩০ মি:) পূর্বে সংশ্লিষ্ট মৌখিক পরীক্ষা বোর্ডে অবশ্যই উপস্থিত হতে হবে। নির্ধারিত তারিখে মৌখিক পরীক্ষায় অনুপস্থিত প্রার্থীর পরবর্তীতে মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ থাকবে না।

১০. কোনো প্রার্থীর সংশ্লিষ্ট নিয়োগ বিজ্ঞপ্তিতে বর্ণিত কোনো শর্তের উল্লেখযোগ্য (Substantive) ঘাটতি পাওয়া গেলে মৌখিক পরীক্ষার পূর্বে বা পরে যে-কোনো পর্যায়ে উক্ত প্রার্থীর প্রার্থিতা বাতিল বলে গণ্য হবে।

০১/০৩/২০২৬

দিলাওয়েজ দুরদানা
পরীক্ষা নিয়ন্ত্রক (নন-ক্যাডার)
বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়

E:\Q. M. S. R Folder\Final_ict_ap(2).doc